রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই আশ্বিন, ১৩৯৮/১লা অক্টোবর, ১৯৯১

এস, আর, ও নং ২৮৮-আইন/৯১/৩৫-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ তে নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

১। উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনে "দুই লক্ষ" শব্দগুলির পরিবর্তে "পাচ লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং বিধি ৪ এর উপ-বিধি (৫) এর তৃতীয় লাইনে "চার হাজার" শব্দগুলির পরিবর্তে "দশ হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি (৩) এর তৃতীয় লাইনে বর্ণিত ফরম "মূসক—২" এর ৬ নম্বর সারিতে, চতুর্থ লাইনে বর্ণিত ফরম "মূসক—৩" এর তৃতীয় অনুচ্ছেদে এবং উপ-বিধি (৫) এর চতুর্থ লাইনে বর্ণিত ফরম "মূসক—৪" এর দ্বিতীয় আয়তাকার ক্ষেত্রের প্রথম লাইনে বর্ণিত "৪০০০ টাকা" এর পরিবর্তে "১০,০০০ টাকা" প্রতিস্থাপিত হইবে।



মূল্য : টাকা ৩·০০

৩। উপরি-উক্ত বিধিমালার বিধি ৯ এর উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনে, উপ-বিধি (২) এর তৃতীয় লাইনে এবং উপ-বিধি (৩) এর দ্বিতীয় লাইনে "দুই লক্ষ" শব্দগুলির পরিবর্তে "পাচ লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৪) কোন করযোগ্য পণ্যের প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা করযোগ্য সেবা প্রদানের স্থান বা আমদানি বা রপ্তানির ব্যবসায়স্থল হইতে একাধিক করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বা আমদানি বা রপ্তানির ক্ষেত্রে একটি মাত্র নিবন্ধনের প্রয়োজন হইবে।"

৪। উপরি-উক্ত বিধিমালার বিধি ১৩ এর দ্বিতীয় লাইনে "সেবা প্রদান" শব্দগুলির পর "বা পণ্য আমদানি বা রপ্তানী" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

৫। উপরি-উক্ত বিধিমালার বিধি ১৫ এর উপ-বিধি (১) এ বর্ণিত ফরম "মূসক—১০" এ যথাক্রমে "২০০,০০০" ও "দুই লক্ষ" সংখ্যাটি ও শব্দগুলির পরিবর্তে "পাঁচ লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং উক্ত উপ-বিধির দফা (ক) এর প্রথম লাইনে "সেবা প্রদান" শব্দগুলির পর "বা যে কোন পণ্য আমদানি বা রপ্তানী" শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং দফা (ঘ) এর দ্বিতীয় লাইনে ও দফা (ঙ) তে বর্ণিত "দুই লক্ষ" শব্দগুলির পরিবর্তে "পাঁচ লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। উপরি-উক্ত বিধিমালার বিধি ১৬এর উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনে "অপসারণের" শব্দটির পরিবর্তে "সরবরাহের" শব্দটি, তৃতীয় লাইনে "মূল অনুলিপিটি পণ্যের" শব্দগুলির পর "চালানপত্রে বর্ণিত চূড়ান্ত" শব্দগুলি সন্নিবেশিত এবং ষষ্ঠ লাইনে "অপসারণের দিনই" শব্দগুলির পরিবর্তে "সরবরাহের চব্বিশ ঘণ্টার মধ্যে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। উপরি-উক্ত বিধিমালার বিধি ১৯ এর উপ-বিধি (৩), (৪) ও (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩), (৪) ও (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৩) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত উভয় প্রকার পণ্য সরবরাহ করেন তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উহার উপর প্রদত্ত উপকরণ কর চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর তাহাকে উক্ত কর মেয়াদে বিক্রয়কৃত অব্যাহতিপ্রাপ্ত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর যে পরিমাণ মূল্য সংযোজন কর প্রদত্ত হইয়াছে সেই পরিমাণ অর্থ চলতি হিসাবের "প্রদেয়" কলামে লিপিবদ্ধ করিয়া প্রয়োজনীয় সমন্বয় সাধন করিয়া ফেরত প্রদান করিতে হইবে এবং উক্ত কর মেয়াদের দাখিলপত্রে উহা প্রদর্শন করিতে হইবে।

(৪) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ করেন এবং এইরূপ কোন পণ্য রপ্তানী করেন যাহার প্রস্তুতকরণে বা উৎপাদনে মূল্য সংযোজন করসহ অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হয়, তিনি তৎকতৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুত-করণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উহার উপর প্রদত্ত মূল্য সংযোজন কর চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর উক্ত কর মেয়াদে রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে, সেই পরিমাণ অর্থ চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং তিনি উহা উক্ত মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।

(৫) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সেবা প্রদান করেন তাহাকে যে কোন কর মেয়াদে উক্তরূপ সেবা প্রদানে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত উপকরণ কর উক্ত কর মেয়াদে প্রদেয় করের বিপরীতে রেয়াত হিসাবে গ্রহণ করিয়া নীট পরিমাণ অর্থ ট্রেজারীতে জমা প্রদান করিতে হইবে এবং উক্ত কর মেয়াদের দাখিলপত্রে উহা প্রদর্শন করিতে হইবে এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি যদি এইরূপ কোন সেবা রপ্তানী করেন যাহাতে মূল্য সংযোজন কর এবং অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হইয়াছে তাহা হইলে তিনি রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের উপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে, সেই পরিমাণ অর্থ করযোগ্য সেবা প্রদানের উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং তিনি উহা সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।"

৮। উপরি-উক্ত বিধিমালার বিধি ২০ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৩) বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত মূলধনী যন্ত্রপাতির সরবরাহকারী, কোন কর-যোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা করযোগ্য সেবা প্রদানে নিয়োজিত অন্য কোন নিবন্ধিত ব্যক্তিকে, তাহার করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা করযোগ্য সেবা প্রদানের স্থানে স্থাপনের নিমিত্তে, তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত মূলধনী যন্ত্রপাতি ফরম "মূসক-১৪ক" তে মুচলেকা প্রদানপূর্বক মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে পারিবেন। মুচলেকা

প্রদানপূর্বক মূলধনী যন্ত্রপাতি সরবরাহের দিন হইতে ছয় মাসের মধ্যে উক্তরূপ যন্ত্রপাতি ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে যথাযথভাবে স্থাপন করা হইয়াছে—সুপারিনটেনডেন্ট এই মর্মে প্রত্যয়ন করিলে, বিভাগীয় কর্মকর্তা মুচলেকা বাতিলের নির্দেশ প্রদান করিবেন এবং ছয় মাসের মধ্যে মূলধনী যন্ত্রপাতি স্থাপন করা সম্ভব না হইলে কালেক্টর এই সময়সীমা আরও তিনমাস বর্ধিত করিতে পারিবেন।"

৯। উপরি-উক্ত বিধিমালার বিধি ২১ এর,

(অ) উপ-বিধি (১) এর পঞ্চম লাইনে "একমাসের" শব্দটির পরিবর্তে "দুই মাসের" শব্দগুলি এবং ষষ্ঠ লাইনে "আট শতাংশ" শব্দগুলির পরিবর্তে "দশ শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(আ) উপ-বিধি (১) এর শেষে নিম্নোক্ত ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা :—

"ব্যাখ্যা।—উক্তরূপ দুই মাসের গড় মজুদের মূল্য নিম্নবর্ণিত পদ্ধতিতে, যাহাই প্রযোজ্য হয়, নির্ণীত হইবে :—

(ক) ১লা জুলাই, ১৯৯১ এর অব্যবহিত পূর্বের তিন মাসে ব্যবহৃত বিক্রয় কর বা আবগারী শুল্ক পরিশোধিত উপকরণের মূল্যের মাসিক গড়ের ভিত্তিতে; বা

(খ) দফা 'ক' তে বর্ণিত সময়কালে নিবন্ধিত ব্যক্তি পণ্য উৎপাদনে বা প্রস্তুতকরণে নিয়োজিত না থাকিলে সর্বশেষ পূর্ণ তিন মাসে ব্যবহৃত বিক্রয় কর বা আবগারী শুল্ক পরিশোধিত উপকরণের মূল্যের মাসিক গড়ের ভিত্তিতে ; বা

(গ) নিবন্ধিত ব্যক্তি তিন মাসের কম সময়ের জন্য পণ্য উৎপাদনে বা প্রস্তুতকরণে নিয়োজিত থাকিলে পূর্ণ দুই মাসে ব্যবহৃত বিক্রয় কর বা আবগারী শুল্ক পরিশোধিত উপকরণের মূল্যের ভিত্তিতে ; বা

(ঘ) প্রকৃত মজুদ উপরে বর্ণিত যে কোন পদ্ধতিতে নির্ণীত দুই মাসের গড় মজুদের চাইতে কম হইলে বিক্রয় কর বা আবগারী শুল্ক পরিশোধিত প্রকৃত মজুদ উপকরণ মূল্যের ভিত্তিতে ; এবং

(ঙ) মজুদ উপকরণের মূল্য হইবে বিক্রয় কর পরিশোধিত উপকরণের ক্ষেত্রে যে মূল্যের ভিত্তিতে বিক্রয় কর প্রদান করা হইয়াছে এবং আবগারী শুল্ক পরিশোধিত উপকরণের ক্ষেত্রে যে মূল্যের ভিত্তিতে আবগারী শুল্ক প্রদান করা হইয়াছে, সেই মূল্য।"

(ই) উপ-বিধি (২) এর প্রথম লাইনে বর্ণিত ফরম "মূসক-১৫" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১৫" প্রতিস্থাপিত হইবে যথা:—

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

মূসক-১৫

মজুদ উপকরণ সংক্রান্ত ঘোষণাপত্র

[বিধি ২১ দ্রষ্টব্য]

| | | |
|---|---|---|
| ঘোষণার তারিখ : | করদাতা সনাক্তকরণ সংখ্যা | কার্যক্রম কোড |
| নাম : | | |
| ঠিকানা : | | এলাকা কোড |
| | | টেলিফোন নং |

মজুদ উপকরণ সংক্রান্ত তথ্য

| ক্রমিক সংখ্যা (১) | উপকরণের নাম (২) | প্রকৃত মজুদের (৩) | | উপকরণের দুই মাসের গড় মজুদের মূল্য (৪) * | রেয়াতের পরিমাণ (স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে) (৫) |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | মূল্য | | |
| ১। | | | | | |
| ২। | | | | | |
| ৩। | | | | | |
| ৪। | | | | | |
| ৫। | | | | | |
| ৬। | | | | | |
| ৭। | | | | | |
| | মোট | | | | |

আমি ঘোষণা করিতেছি যে, এই ঘোষণাপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক।

তারিখ :

.............................................

করদাতা/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর।

*বিধি ২১ এ প্রদত্ত ফর্মুলা মোতাবেক নির্ধারিত।

(করদাতার জন্য নির্দেশিকা)

১। করদাতা সনাক্তকরণ সংখ্যা, নাম, ঠিকানা, এলাকা কোড নিবন্ধনপত্র অনুযায়ী সঠিকভাবে লিখিতে হইবে।

২। প্রকৃত মজুদের পরিমাণ ও মূল্যের কলামে মূল্য সংযোজন কর, নিবন্ধিত ব্যক্তির উপর প্রযোজ্য হওয়ার তারিখের প্রকৃত মজুদের পরিমাণ ও মূল্য উল্লেখ করিতে হইবে।

৩। ৫নং কলাম স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় এর ব্যবহারের জন্য সংরক্ষিত। সুপারিনটেনডেন্ট উক্ত কলাম পূরণের মাধ্যমে প্রাথমিকভাবে রেয়াতের পরিমাণ নির্ণয় করিবেন।

(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় অফিস পূরণ করিবে)

১। দাখিলকৃত ঘোষণায় আপত্তি নাই

২। নিম্নলিখিত উপকরণের বিষয়ে আপত্তি আছে:

| উপকরণের নাম | আপত্তির ধরন ও সুপারিশ | উপকরণের নাম | আপত্তির ধরন ও সুপারিশ |
|---|---|---|---|
| | | | |

৩। সুপারিশকৃত রেয়াতের পরিমাণ..............টাকা।

৪। ঘোষণাপত্রের প্রথম অনুলিপি গৃহীত হইল এবং দ্বিতীয় অনুলিপি করদাতাকে প্রদান করা হইল।

তারিখ:.............

.......................

সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নাম (স্পষ্টাক্ষরে)...........

(বিভাগীয় কর্মকর্তার দপ্তর পূরন করিবে)

১। দাখিলকৃত ঘোষণায় কোন আপত্তি নাই

২। দাখিলকৃত ঘোষণায় আপত্তি থাকায় প্রয়োজনীয় যাচাই ও পরীক্ষান্তে নিম্নে উল্লিখিতভাবে পুনর্নির্ধারণপূর্বক অনুমোদন করা হইল:

| উপকরণের নাম | পুনর্নির্ধারণ ও কারণ | উপকরণের নাম | পুনর্নির্ধারণ ও কারণ |
|---|---|---|---|
| | | | |

৩। অনুমোদিত রেয়াতের পরিমাণ.............টাকা, চলতি হিসাবে সমন্বয়ের মাধ্যমে গ্রহণ করা যাইতে পারে।

.......................

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর

তারিখ................ নাম:.....................

১০। উপরি-উক্ত বিধিমালার বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (খ) তে বর্ণিত ফরম "মূসক-১৭" এর চতুর্থ কলামে "পণ্যের" শব্দটির পরিবর্তে "উপকরণের" শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং ষোড়শ কলামে "অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবার ক্রয়মূল্য" শব্দগুলির স্থলে "অব্যাহতি-প্রাপ্ত উপকরণের ক্রয়মূল্য" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং উক্ত ফরমে প্রদর্শিত "শূন্যহারের ক্ষেত্রে প্রত্যর্পণযোগ্য অন্যান্য করের নির্ণয়" সংক্রান্ত ফর্মুলাটি বিলুপ্ত হইবে।

১১। উপরি-উক্ত বিধিমালার বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এর পর নিম্নরূপ দফাসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

"(ঙ) প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের মজুদ বিবরণী পুস্তক।—এই পুস্তকে ফরম "মূসক-১৬ক" তে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের মজুদ বিবরণী সংরক্ষণ করিতে হইবে; এবং

(চ) উপকরণের মজুদ বিবরণী পুস্তক।—এই পুস্তকে ফরম "মূসক-১৭ক" তে উপকরণের মজুদ বিবরণী সংরক্ষণ করিতে হইবে।"

১২। উপরি-উক্ত বিধিমালার বিধি ২৭ এর উপ-বিধি (৮) এর পর নিম্নরূপ উপ-বিধি (৯) সংযোজিত হইবে যথা :—

"(৯) উপ-বিধি (১) হইতে (৮) এর বিধানসমূহ শতকরা একশত ভাগ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান, মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান ও বাণিজ্যিক রপ্তানীকারকদের দ্বারা সম্পাদিত রপ্তানী এবং মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা রপ্তানীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।"

১৩। উপরি-উক্ত বিধিমালার বিধি ২৮ এর উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনের "প্রদত্ত কর" শব্দগুলির পর "চলতি হিসাবে সমন্বয়ের মাধ্যমে রেয়াত গ্রহণে সক্ষম না হওয়ায় পরিদপ্তর হইতে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাংলা মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মূসক-১৪(ক)

জাতীয় রাজস্ব বোর্ড

মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে মূলধনী যন্ত্রপাতি সরবরাহের জন্য মুচলেকা

[বিধি ২০(৩) দ্রষ্টব্য]

প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :
করদাতা সনাক্তকরণ সংখ্যা:
এলাকা কোড

* মূল অনুলিপি
দ্বিতীয় ,,
তৃতীয় ,,
চতুর্থ ,,
পঞ্চম ,,

আমি নিম্নেবর্ণিত মূলধনী যন্ত্রপাতি আমার প্রতিষ্ঠান হইতে........................কে
(প্রাপকের নাম)
(যাহা করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন/করযোগ্য সেবা প্রদানে নিয়োজিত এবং যাহার করদাতা সনাক্তকরণ সংখ্যা ......................, ঠিকানা ..................., এলাকা কোড ..............) মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে ইচ্ছুক। এই যন্ত্রপাতিসমূহ সড়ক/রেল/বিমান/নৌপথে ...........টি যানবাহনে পরিবাহিত (সংখ্যা) হইবে। পণ্যটি অদ্য ............সময়ে ........অত্র কারখানা হইতে সরবরাহ করা হইল।

মূলধনী যন্ত্রপাতির বিবরণ

| ক্রমিক সংখ্যা | পণ্যের বর্ণনা | পরিমাণ | মূল্য | প্রদেয় মূল্য সংযোজন কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

*মূল অনুলিপি আবেদনকারী যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের আওতাধীন সেই কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে, দ্বিতীয় অনুলিপি আবেদনকারীর কারখানা প্রাঙ্গণে রাখিতে হইবে, তৃতীয় অনুলিপি মূলধনী যন্ত্রপাতি ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে রাখিতে হইবে এবং চতুর্থ অনুলিপি, মূলধনী যন্ত্রপাতি ক্রেতার উৎপাদন স্থলে প্রবেশের পর উক্ত উৎপাদন স্থল যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের আওতাধীন সেই কার্যালয়ে প্রেরণ করিতে হইবে; পঞ্চম অনুলিপিটি মূলধনী যন্ত্রপাতি ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন স্থল বা সেবা প্রদানের স্থলে যথাসময়ে স্থাপনের সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট এর মাধ্যমে, মূলধনী যন্ত্রপাতি যে মূল্য সংযোজন কর কার্যালয়ের আওতাধীন, উক্ত কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

আমি ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্য সম্পূর্ণ সত্য ও সঠিক এবং আমি বর্ণিত পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর প্রদানে বাধ্য।

..................

তারিখ: ............ আবেদনকারীর স্বাক্ষর।

প্রত্যয়ন করা যাইতেছে যে, আমি উপরে বর্ণিত পণ্য চালানটি পরীক্ষা করিয়াছি, উপরে বর্ণিত তথ্য সঠিক এবং আমি উক্ত পণ্য চালানটি চালানপত্র নং.............. তাং..... এর মাধ্যমে.................... প্রতিষ্ঠান (করদাতা সনাক্তকরণ সংখ্যা..........., ঠিকানা..................., এলাকা কোড................) এ স্থানান্তরের অনুমতি প্রদান করিয়াছি।

..................

তারিখ: ............... সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর।

আমি ঘোষণা করিতেছি যে, আমি উপরে বর্ণিত মূলধনী যন্ত্রপাতি আমার প্রতিষ্ঠানের প্রাঙ্গণে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন/করযোগ্য সেবা প্রদানে ব্যবহারের উদ্দেশ্যে স্থাপনের নিমিত্ত বুঝিয়া পাইয়াছি।

..................

তারিখ: ............... ক্রেতার স্বাক্ষর।

আমি ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত মূলধনী যন্ত্রপাতি.............. কর্তৃক সুচলেকার বিপরীতে সরবরাহের দিন হইতে ছয় মাসের মধ্যে/কালেক্টর কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে আমার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন/সেবা প্রদান স্থলে যথারীতি স্থাপন করিয়াছি।

| | |
|---|---|
| .................. | .................. |
| সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর | ক্রেতার স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |

মূসক-১৬ক

প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের মজুদের বিবরণী

প্রতিষ্ঠানের নাম

ঠিকানা :

করদাতা সনাক্তকরন সংখ্যা :

[বিধি ২২(১) দ্রষ্টব্য]

প্রস্তুতকৃত বা উৎপাদিত

পণ্যের নাম :

কর মেয়াদ :

| তারিখ | প্রারম্ভিক জের | উৎপাদন | মোট মজুদ (২+৩) | সরবরাহ | জের | মন্তব্য | অনুস্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

মূসক—১৭ক

উপকরণের মজুদের বিবরণী

প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

করদাতা সনাক্তকরণ সংখ্যা :

[বিধি ২২(১) দ্রষ্টব্য]

উপকরণের নাম :

১/আমদানিকৃত/দেশে উৎপাদিত :

জরমেয়াদ :

| তারিখ ২/ | প্রারম্ভিক জের | ক্রয় | মোট মজুদ (২+৩) | পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহারের পরিমাণ | জের | মন্তব্য | অনু স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

১/ প্রত্যেকটি উপকরণের জন্য আলাদা আলাদা পাতায় হিসাব সংরক্ষণ করিতে হইবে। আমদানিকৃত ও দেশে উৎপাদিত উপকরণের ক্ষেত্রেও আলাদা পাতায় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২/ উপকরণের মজুদের দিনওয়ারী হিসাব রাখিতে হইবে।

ডঃ মোহাম্মদ জাহিদ হোসাইন
প্রথম সচিব।

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই আশ্বিন, ১৩৯৮/১লা অক্টোবর, ১৯৯১

এস, আর, ও নং ২৮৯-আইন/৯১/২৭৩-আবগারী।—Excise and Salt Act, 1944 (I of 1944) এর Section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৮শে জ্যৈষ্ঠ, ১৩৯৮/১২ই জুন, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭৭-আইন/৯১/২৭০-আবগারী এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ এর কলাম (১) এর অধীন Excise and Salt Act, 1944 এর First Schedule এর Part 1 এর Heading No. 27.11 এবং কলাম ২ এর H. S. Code 2711.19 ও 2711.21 এর বিপরীতে কলাম ৩ এর এন্ট্রি (c) এবং উহার বিপরীতে কলাম ৪ এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| "(c) | (i) | for commercial (regular) purpose | Taka three thousand one hundred and seventeen and poisa thirty-nine per thousand cubic metres; |
| | (ii) | for commercial (Seasonal) purpose | Taka two thousand eight hundred and seventy and poisa eight per thousand cubic metres;" |

২। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাংলা মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

নুরুল হোসেইন খান
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।